



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



‘মুক্তিযুদ্ধ ও বিজয় গাথা’ শীর্ষক আর্ট ক্যাম্প প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠান



মহান বিজয় দিবস উপলক্ষে ১৯ ডিসেম্বর ২০২৩-মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় চারুকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে একাডেমিক ভবনের নিচতলায় ‘মুক্তিযুদ্ধ ও বিজয় গাথা’

শীর্ষক আর্ট ক্যাম্প প্রদর্শনীর উদ্বোধন করেন উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

চারুকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক মোহাঃ আলপ্তগীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ূন কবীর চৌধুরী এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম।



এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যান, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-এর প্রভোস্ট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণসম্পাদক, প্রক্টর, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য প্রদর্শনীটি সবার জন্য উন্মুক্ত থাকবে।